



বিশেষ প্রতিনিধি শেখ রকিব উদ্দিন, আজকের কাগজের বিজ্ঞাপন শাখার জেনারেল ম্যানেজার ফরিদ চৌধুরী, ম্যাস-লাইন মিডিয়া'র প্রতিনিধি রবিউল ইসলাম ও দৈনিক সংবাদের নির্বাহী সম্পাদক মঞ্জুরুল আহসান বুলবুল।

নীতি সংলাপে ড. সিরাজুল ইসলাম বলেন, সংবাদপত্রের প্রাণপ্রবাহ বিজ্ঞাপনের ক্ষেত্রে যে ঘটনাগুলো ঘটেছে তা খুবই দুঃখজনক। এ বিষয়ে সংবাদপত্রের মালিক, সংবাদকর্মীসহ সবাইকে জোরালোভাবে এগিয়ে আসতে হবে। বিজ্ঞাপন বন্টনের ক্ষেত্রে এ নিয়মে শুধু সংবাদপত্রের ক্ষতিই হচ্ছে না, ক্ষতি হচ্ছে দেশের, জাতির। ডিএফপিতে দুর্নীতি রোধে সরকার ও সংবাদ মাধ্যমকে একযোগে কাজ করতে হবে।

মাহফুজ আনাম বলেন, সরকার যদি সংবাদ শিল্পকে সৃষ্টি প্রতিষ্ঠান হিসেবে দেখতে

সরকারি বিজ্ঞাপন নীতিমালা সংস্কারের প্রয়োজনীয়তা কতটুকু



১৬ মার্চ বেলা ১১টায় প্রেসক্লাবের কনফারেন্স রুমে 'সরকারি বিজ্ঞাপন নীতিমালা : সংস্কারের প্রয়োজনীয়তা কতটুকু' শীর্ষক এক নীতি সংলাপ অনুষ্ঠিত হয়। যৌথভাবে সংলাপটির আয়োজন করে ম্যাস-লাইন মিডিয়া সেন্টার ও সাপ্তাহিক ২০০০।

নীতি সংলাপের মূল প্রবন্ধ উপস্থাপন করেন সাপ্তাহিক ২০০০-এর নির্বাহী সম্পাদক গোলাম মোর্তোজা। এতে সভাপতিত্ব করেন বিশিষ্ট শিক্ষাবিদ ড. সিরাজুল ইসলাম চৌধুরী। মর্ডারেটরের দায়িত্ব পালন করেন ম্যাস-লাইন মিডিয়া সেন্টারের নির্বাহী পরিচালক কামরুল হাসান মঞ্জু। এ ছাড়া আলোচক হিসেবে উপস্থিত ছিলেন দ্য ডেইলি স্টারের সম্পাদক এবং সাপ্তাহিক ২০০০-এর প্রকাশক মাহফুজ আনাম, ঢাকা

বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষক শামিম রেজা, আইন বিভাগের শিক্ষক ড. আসিফ নজরুল, বিশিষ্ট সাংবাদিক গিয়াস কামাল চৌধুরী, এপি'র ব্যুরো প্রধান ফরিদ আহমদ, নোয়াখালী বেগমগঞ্জের স্থানীয় পত্রিকা সাংবাদিক রুদ্র মাসুদ, ইন্ডিপেন্ডেন্টের

চায় তবে বিজ্ঞাপন নীতিমালার পরিবর্তন আনতে হবে।

বিশিষ্ট সাংবাদিক মঞ্জুরুল আহসান বলেন, অবশ্য বিজ্ঞাপনী নীতিমালার প্রয়োজন নেই। একটা গাউডলাইন থাকলেই হবে এবং সম্পূর্ণ রাজনৈতিক প্রভাবমুক্ত রাখতে হবে।

সাংবাদিক গিয়াস কামাল মঞ্জুরুল আহসানের কথায় সমর্থন দিয়ে বলেন, সরকারি বিজ্ঞাপন নীতিমালা পরিবর্তনের চাইতে বেশি দরকার নতুন প্রেস কমিশন গঠন, ক্ষুদ্র সংবাদের একটি সমিতি এবং গ্রামীণ সংবাদেরও একীভূত করতে হবে।

'সংবাদপত্রের প্রাণপ্রবাহ বিজ্ঞাপনের ক্ষেত্রে যে ঘটনাগুলো ঘটেছে তা খুবই দুঃখজনক। এ বিষয়ে সংবাদপত্রের মালিক, সংবাদকর্মীসহ সবাইকে জোরালোভাবে এগিয়ে আসতে হবে। বিজ্ঞাপন বন্টনের ক্ষেত্রে এ নিয়মে শুধু সংবাদপত্রের ক্ষতিই হচ্ছে না, ক্ষতি হচ্ছে দেশের, জাতির। ডিএফপিতে দুর্নীতি রোধে সরকার ও সংবাদ মাধ্যমকে একযোগে কাজ করতে হবে'
ড. সিরাজুল ইসলাম

নীতি সংলাপের বিশেষ
ক্রোড়পত্র প্রকাশিত হবে
সাপ্তাহিক ২০০০-এর ১৩
এপ্রিল সংখ্যায়।